



দুবাইয়ে গ্রেপ্তার সাবেক আইজিপি বেনজীর আহমেদ



সাবেক আইজিপি বেনজীর আহমেদ। ছবি: সংগৃহীত

সাবেক পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদকে দুবাইয়ে গ্রেপ্তার করা হয়েছে বলে জানা গেছে। দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা মামলার প্রেক্ষিতে ইন্টারপোলের সহায়তায় তাকে আটক করে দুবাই পুলিশ।

রোববার (১৪ জুন) পুলিশ সদরদপ্তরের এক উর্ধ্বতন কর্মকর্তা গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেন।

নাম প্রকাশ না করার শর্তে ওই কর্মকর্তা জানান, দুদকের মামলায় আন্তর্জাতিক সময়ের অংশ হিসেবে ইন্টারপোলের সহায়তা নেওয়া হয়েছিল। এ বিষয়ে গত ১২ জুন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে আনুষ্ঠানিকভাবে তথ্য পাওয়া গেছে।

তবে গ্রেপ্তারের পর তার বিরুদ্ধে পরবর্তী আইনি প্রক্রিয়া বা দেশে ফেরানোর বিষয়ে এখনো বিস্তারিত কিছু জানানো হয়নি।

LENS ASIA